## উপজেলা পরিষদের জুন ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব অলিদুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণা |
| সভার তারিখ ও সময় | : | ৩০.০৬.২০২৫ খ্রিঃ, বেলা ১২.৩০ টা। |
| সভার স্থান | : | উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-খ |

সভায় কর্মকর্তার স্থলে উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা: পরিশিষ্ট-গ

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যক্রম শুরু করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, জরুরী বিভাগ, অন্ত: বিভাগ, বহির্বিভাগে রোগীদের সেবা অব্যাহত রয়েছে। গর্ভবতী মায়েদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এএনসি(ANC) কর্নারে সেবা অব্যাহত রয়েছে এবং শিশুদের জন্য পৃথক আইএমসিআই কর্ণারে সেবা অব্যাহত রয়েছে। অসংক্রামক রোগে আক্রান্ত (উচ্চরক্তচাপ, ডায়াবেটিস) রোগীদের সেবা দ্রুততার সহিত নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এনসিডি কর্ণার চালু হয়েছে। জনবল সংকট থাকায় চিকিৎসা সেবা বিঘ্নিত হচ্ছে। উপজেলা সদরে রাতে বিশেষ করে রাত ১০.০০ টার পর ফার্মেসী বন্ধ থাকায় হাসপাতালে আগত রোগীরা ওষুধ ক্রয় করতে না পারায়, রোগীদের সুবিধার্থে ফার্মেসী মালিকদের নিয়ে আলোচনা সাপেক্ষে ব্যবস্থা নেয়া হবে। করোনা ভাইরাস মোকাবেলায় মাস্ক ব্যবহারসহ সকলকে স্বাস্থ্য সচেতন থাকার অনুরোধ জানান। | রোগীদের সেবার মান বাড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, অফিস সময়ে সরকারি ডাক্তারগণ যেনো প্রাইভট চেম্বারে বসে রোগী না দেখে সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করার, জন্ম নিবন্ধনের জন্য গর্ভবতী মায়েদের তালিকা সংগ্রহ করার এবং রাতে ফার্মেসী খোলা রাখার বিষয়ে কাযকরী পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, মদন। |
| ২. | উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | (ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী মদন।<br>২। উপজেলা কৃষি অফিসার, মদন<br>৩। উপজেলা বন কর্মকর্তা, মদন |
| ৩. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, হাঁস মুরগি ও গবাদি পশুর টিকার কার্যক্রম চলমান রয়েছে। উন্নত জাতের ঘাস চাষে খামারীদের উদ্বুদ্ধ করা হচ্ছে। আসন্ন কোরবানী ঈদ উপলক্ষে অতি মুনাফার আশায় খামিরা যেনো গাবাদি পশুকে স্টেরওয়েড জাতীয় ওষুধ না খাওয়ায় সে বিষয়ে প্রচার প্রচারণা চালানো হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) হাঁস-মুরগি ও গবাদি পশুর টিকা কার্যক্রমের চলমান রাখতে হবে।<br>(খ) গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য উৎপাদন বাড়াতে স্থানীয় মৎস্য চাষীদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। মৎস্য চাষীদের নিয়ে সচেতনতামূলক সভা করা হচ্ছে। বিভিন্ন নিষিদ্ধ জাল, চায়না বাইর, কারেন্ট জাল দ্বারা দেশীয় প্রজাতির মা মাছ, মাছের পোনা নিধন করা হচ্ছে। তাই মৎস্য আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে আলোকপাত করা হয়। | (ক) মৎস্য চাষ বাড়াতে মৎস্য চাষীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়<br>(খ) সকল মৎস্যজীবী সমিতিকে নিয়ে মাছ ধরার বিষয়ে সচেতনতামূলক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) দেশীয় প্রজাতির মা মাছ, মাছের পোনা নিধন বন্ধে প্রতিটি ইউনিয়নে নিষিদ্ধ জাল, চায়না বাইর, কারেন্ট জাল জব্দ করার জন্য, অপরাধীদের শাস্তি নিশ্চিতের জন্য উপজেলা মৎস্য অফিস কর্তৃক নিয়মিত মনিটরিং করার এবং মৎস্য আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনার করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য অফিসার, মদন |
| ৫. | উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মদন ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র গৃহিত প্রকল্পসমূহের কাজ সম্পন্ন হয়েছে। গত ০৫ আগস্ট ছাত্র জনতার গণঅভ্যুত্থানের উদ্ভূত পরিস্থিতিতে মদন উপজেলা প্রকৌশল অফিসের কয়েকটি কম্পিউটার, ল্যাপটপ ক্ষতিগ্রস্থ হয়। তাই অফিসের স্বাভাবিক কার্যক্রম পরিচালনা করতে সমস্যা হচ্ছে। তাই জরুরীভিত্তিতে কম্পিউটার, ল্যাপটপ ক্রয় করা প্রয়োজন। | উপজেলা প্রকৌশল অফিসের কম্পিউটার, ল্যাপটপ সরবরাহের জন্য আগামী অর্থবছরে সংশ্লিষ্ট খাত হতে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী মদন, নেত্রকোণা। |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরাজীর্ণ ভবনে হওয়ায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের ঝুকি নিয়ে সেবা প্রত্যাশীদের সেবা | উপজেলা পরিবার পরিকল্পনার বিভাগের সেবার মান বৃদ্ধিতে কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন |

| | | | |
|---|---|---|---|
| | প্রদান করা। মাঠ পর্যায়ে জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহারে জন্য জনসাধারণকে সচেতন করার জন্য কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ৭. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, এ অর্থ বছরে টিআর, কাবিখা, কাবিটার বরাদ্দের আলোকে গৃহিত প্রকল্পসমূহের কাজ সম্পন্ন হয়েছে। নিয়মিত প্রকল্পের কাজ পরিদর্শন করা হচ্ছে। বন্যা/প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় সকলকে সচেতন থাকার অনুরোধ জানান। বজ্রপাত হতে রক্ষার জন্য লোকজনকে সচেতন করার বিষয়ে আলোকপাত করা হয়। | টিআর, কাবিখা, কাবিটার বরাদ্দের আলোকে গৃহিত প্রকল্পসমূহের কাজ মনিটরিং করার এবং প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন। |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মা ও শিশু সহায়তা কার্যক্রম, ভিডব্লিইউবিসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) মা ও শিশু সহায়তা তহবিলের কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মদন |
| ৯. | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, প্রাথমিক বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। শ্রীধরপুর সরকারি প্রাথমিক বিদ্যালযের সীমনা নিয়ে সৃষ্ট জটিলতায় মদন থানায় মামলা হয়েছে. মামলা চলমান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) বিদ্যালয়ে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং সরকার নির্ধারিত সময়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে মা সমাবেশ/মতবিনিময় সভায় আয়োজন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, মদন |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নিয়মিতভাবে মাধ্যমিক বিদ্যালয়গুলো পরিদর্শন করা হচ্ছে। | (ক) প্রতিমাসে ০৫টি শিক্ষা প্রতিষ্ঠান ও ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান যে, এ উপজেলায় সমাজসেবা দপ্তর হতে বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর ভাতা বেদে ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, প্রতিবন্ধীকে শিক্ষা উপবৃত্তি এবং হিজড়া ভাতা বাবদ ১৫০০০ হাজার ব্যক্তিকে ভাতা প্রদান করা হচ্ছে। এ বছর রোগী কল্যাণ সমিতির অনুকূলে ১ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। উপজেলা সমাজসেবা কার্যালয়ের অধীনে দরিদ্র ও অসহায় রোগীদের কল্যাণে রোগী কল্যাণ সমিতি রয়েছে, যেখানে সমাজের বিত্তবান বা দানকরতে ইচ্ছুক ব্যক্তিগণ দান করতে পারেন। | (ক) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন অফিস : উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋন আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস: উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। খেলাপি ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মদন |
| ১৪. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন শাখাঃ ব্যবস্থাপক, সভায় জানান যে, মদন উপজেলার পল্লী সঞ্চয় ব্যাংকের ১৮২ টি সমিতির ১০ হাজার উপকারভোগী রয়েছে। ব্যাংকের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) সক্ষমতা যাচাইপূর্বক জনগণকে অতি দ্রুত সময়ের মধ্যে ঋণ প্রদানে আন্তরিকভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন |
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, এ উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। আরসিসি ড্রেন নির্মাণের কাজ চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) গভীর টিউবওয়েল ও স্যানিটেশন কার্যক্রমের উপকারভোগী নির্বাচনে অবশ্যই সরকারী বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, মদন |
| ১৬. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন। |
| ১৭. | উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | (ক) মদন উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকির করে বিস্তারিত সভায় অবহিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, মদন |
| ১৮. | চেয়ারম্যান, তিয়শ্রী ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়নের টিআর কাবিখার কাজ চলমান যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। এছাড়া ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান ০৬ নং তিয়শ্রী ইউপি, মদন |
| ১৯. | চেয়ারম্যান, ফতেপুর ইউনিয়ন পরিষদ জানান যে, মদন-ফতেপুর রাস্তাটি দীর্ঘদিন যাবত মেরামত না করায় রাস্তাটির অবস্থা খুব খারাপ। জনগণ খুব কষ্ট করছে। জনসাধারণ ও শিক্ষার্থীদের মদন সদরে আসতে খুব কষ্ট হচ্ছে। ব্রীজ নির্মাণসহ উক্ত রাস্তাটি দ্রুত সময়ের মধ্যে মেরামতের বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | মদন-ফতেপুর রাস্তাটি দ্রুত মেরামত এবং উক্ত রাস্তার ব্রীজগুলো দ্রুত নির্মাণে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী মদন, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ২০. | চেয়ারম্যান, চানগাঁও ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, এ অর্থ বছরে এডিপি, টিআর, কাবিখা, কাবিটার বরাদ্দের অনুকূলে গৃহীত প্রকল্পসমূহের কাজ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সহযোগিতা এবং নির্দেশনায় যথাসময়ে সম্পন্ন করা হয়েছে। মদন উপজেলার ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান এবং প্রশাসনকগণ আন্তরিকতার সহিত কাজ করছেন সেজন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান ০২ নং চানগাঁও ইউনিয় পরিষদ, মদন। |
| ২১. | উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে কমরত দরিদ্র কমচারীদের ঈদুল আযহা-২৫ উপলক্ষে অনুদান প্রদান সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে কমরত মালী ও সুইপার দরিদ্র কমচারী হিসেবে ঈদুল আযহা-২০২৫ উপলক্ষে অনুদান প্রদানে জন্য আবেদন করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে কমরত মালী জনাব মো: ইসহাক মিয়া ও সুইপার জনাব মো: রফিক মিয়াকে দরিদ্র কমচারী হিসেবে ঈদুল আযহা-২০২৫ উপলক্ষে প্রতিজনকে ৮০০০/- (আট হাজার) টাকা অনুদান করা হয়েছে এবং উক্ত অনুদান ভূতাপেক্ষভাবে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মদন, নেত্রকোণা। |
| ২২. | উপজেলা পরিষদের আওতাধীন ঝুকিপূর্ণ ব্যবহার অনুপযোগী কোয়ার্টার/ডরমেটরী পরিত্যক্ত ঘোষণা সংক্রান্ত: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের আওতাধীন বেশিরভাগ ভবনসমূহ ব্যবহার অনুপযোগী ও ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। যেকোন মুহূর্তে দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদের আওতাধীন কোয়ার্টার/ডরমেটরীসমূহ জরুরীভিত্তিতে সরেজমিনে পরিদর্শনপূর্বক যে ভবনসমূহ বসবাসের অনুপযোগী ও ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে সেগুলি বিধি মোতাবেক পরিত্যক্ত ঘোষণাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী মদন, নেত্রকোণা। |

**বিবিধ আলোচনা:**

২৩। পবিত্র ঈদুল আযহা উপলক্ষে অস্থায়ী পশুর হাট ইজারার মাইকিং বিল সংক্রান্ত: প্রশাসক, উপজেলা পরিষদ সভায় জানান যে, পবিত্র ঈদুল আযহা-২০২৫ উপলক্ষে অস্থায়ী পশুর হাট ইজারার নিমিত্ত বহুল প্রচারে মাইকিং করা বাবদ ২১০০/- (দুই হাজার একশত) টাকা পরিশোধের জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, কাইটাইল ইউনিয়ন ভূমি অফিস, মদন, নেত্রকোণা বিল দাখিল করেছেন। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মাইকিং বাবদ ২১০০/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।

২৪। পরিসংখ্যান অফিস মেরামত সংক্রান্ত: উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, গত ৫ আগস্ট উদ্ভূত পরিস্থিতিতে পরিসংখ্যান অফিসের ০২ টি রুম সম্পূর্ণ ক্ষতিগ্রস্থ হয়। তৎপ্রেক্ষিতে উপজেলা পরিষদের পুরাতন ভবনের একটি কক্ষ নতুন করে বরাদ্দ প্রদান করা হয়। কিন্তু বরাদ্দকৃত ০১ টি ভবনে কার্যক্রম পরিচালনা করতে সমস্যা হচ্ছে। তাই আরো একটি কক্ষ বরাদ্দ প্রদান প্রয়োজন। পরিসংখ্যান অফিসের নামে বরাদ্দকৃত কক্ষটি জরাজীর্ণ। তাই কক্ষটি মেরামতের বিষয়ে আলোচনা করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে কক্ষটি মেরামতের সিদ্ধান্ত গৃহিত হয়।

২৫। ১৪৩২ বাংলা সনে সরকারি হাট-বাজার ইজারার বিজ্ঞাপন বিল সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ১৪৩২ বাংলা সনে সরকারি হাট-বাজার ইজারার বিজ্ঞাপন বিল বাবদ ১৯১৩৬/- টাকা পরিশোধের নিমিত্ত সম্পাদক, দৈনিক বাংলার নেত্র, নেত্রকোণা বিল দাখিল করেছেন। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পত্রিকার বিজ্ঞাপন বিল বাবদ ১৯১৩৬/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।

অত:পর আর কোনা আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/০৬/২৫
(অলিদুজ্জামান)
প্রশাসক
উপজেলা পরিষদ
মদন, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২৫৬.০০০.০৬.০০২.১৯. ৪৬৩(৫)

তারিখঃ ৩০.০৬.২০২৫ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা....................................কর্মকর্তা, মদন, নেত্রকোণা (আগামী সভার ০৩দিন পূর্বে সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিকস ফ্রন্টে সফটকপি ও হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় মেইলে unomadan@yahoo.com প্রেরণ করতে হবে)।
২. চেয়ারম্যান (সকল)..............................ইউপি, মদন, নেত্রকোণা
৩. বেগম.............................., সংরক্ষিত আসন,...........নং ওয়ার্ড, মদন, নেত্রকোণা
৪. সংশ্লিষ্ট নথি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, নেত্রকোণা
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা

৩০/০৬/২৫
(অলিদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা
unomadan@mopa.gov.bd

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
| --- | --- |
| ১. উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ১. প্রশাসক, মদন পৌরসভা |
| ২. উপজেলা কৃষি কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ২. প্রশাসক, ০১ নং কাইটাইল ইউনিয়ন পরিষদ |
| ৩. উপজেলা মৎস্য কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৩. চেয়ারম্যান, ০২নং চানগাঁও ইউনিয়ন পরিষদ |
| ৪. উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মদন, নেত্রকোণা। | ৪. প্রশাসক, ০৩ নং মদন ইউনিয়ন পরিষদ |
| ৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৫. প্রশাসক, ০৪ নং গোবিন্দশ্রী ইউনিয়ন পরিষদ |
| ৬. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন নেত্রকোণ। | ৬. প্রশাসক, ০৫ নং মাঘান ইউনিয়ন পরিষদ |
| ৭. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৭. চেয়ারম্যান, ০৬ নং তিয়শ্রী ইউনিয়ন পরিষদ |
| ৮. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মদন, নেত্রকোণা। | ৮. প্রশাসক, ০৭ নং নায়েকপুর ইউনিয়ন পরিষদ |
| ৯. উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৯. চেয়ারম্যান, ০৮ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ |
| ১০. উপজেলা সমবায় কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা | |
| ১২. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মদন, নেত্রকোণা | |
| ১৪. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১৫. উপজেলা পল্লী দারিদ্র বিচমোচন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১৬. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোনা। | |
| ১৭. ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন, নেত্রকোণা। | |

অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-খ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
| --- | --- |
| | |

কর্মকর্তা ব্যতিত উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা পরিশিষ্ট-গ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
| --- | --- |
| | |

২৮/০১/২৫

(অলিদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা।